নামাযের দোয়া ও জিক্‌র

ভাষান্তরে:

মুহাম্মাদ আব্দুর রব আফ্‌ফান

লিসান্স: মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়

Bangali

নামাযের দোয়া ও জিক্‌র

أذكار الصلاة وأدعيتها

(بنغالي)

ভাষান্তরেঃ
মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান
লিসান্সঃ মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়

সংকলনেঃ
পশ্চিম দীরাহ ইসলামী দাওয়াহ সেন্টার
রিয়াদ, সৌদি আরব
ফোনঃ ৪৩ ৯১ ৯৪২

ভূমিকা

সমস্ত প্রশংসা আল্লাহ্‌র জন্য। আমাদের প্রিয় নাবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও সাহাবীদের উপর আল্লাহ্‌র দরূদ ও সালাম।

বইটি রিয়াদের অন্তর্গত পশ্চিম দীরায় অবস্থিত ইসলামী সেন্টার কর্তৃক "নামাযের দোয়া ও জিকর" বিষয়ে সংকলিত। ইহা নামাযের মধ্যে ও পরে পঠিত দোয়া ও জিকর সম্বলিত একটি ক্ষুদ্র বই। যা মুসলমানদের জন্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযে যে সব দোয়া ও জিকর করেছেন তা অবলম্বনে সহায়ক হবে।

বইটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণিত সহীহ হাদীসের উপর নির্ভর করে সংকলন করা হয়েছে।

আল্লাহ্ তা'য়ালার দরবারে প্রার্থনা তিনি যেন সকলকে প্রত্যেক মঙ্গলময় এবং তিনি যে কাজ পছন্দ করেন ও রাজী-খুশী হন তার তাওফীক দান করেন। আল্লাহ্ তা'য়ালা আমাদের নাবী, তাঁর বংশধর ও সাহাবাদের উপর দরূদ ও সালাম বর্ষণ করুন। আমীন

নামাযের দোয়া ও জিকর

প্রথম: তাকবীরে তাহরীমার পর ইস্তিফতা বা প্রারম্ভিক দোয়া

اللَّهُمَّ بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ، اللَّهُمَّ نَقِّنِي مِنْ خَطَايَايَ كَمَا يُنَقَّى الثَّوْبُ الأَبْيَضُ مِنَ الدَّنَسِ، اللَّهُمَّ اغْسِلْنِي مِنْ خَطَايَايَ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ." (رواه البخاري ومسلم)

১। **উচ্চারণ:** আল্লাহুম্মা বাইদ বাইনী ও বাইনা খাতায়ায়া কামা বা'আদতা বাইনাল মাশরিক্বি ওয়াল মাগরিবি, আল্লাহুম্মা নাক্কিনী মিন খাতায়ায়া কামা ইউনাক্কাস সাওবুল আবয়াজু মিনাদ্দানাসি, আল্লাহুম্মাগসিলনী মিন খাতায়ায়া বিল মায়ে ওয়াস সালজি ওয়াল বারাদে।

অর্থ: হে আল্লাহ্! আমার এবং আমার গুনাহ্ খাতার মাঝে এমন দূরত্ব সৃষ্টি কর যেরূপ পশ্চিম ও পূর্বের দূরুত্ব সৃষ্টি করেছ। হে আল্লাহ্! আমাকে আমার গুনাহ থেকে এমনভাবে পরিষ্কার কর যেমন সাদা কাপড় ময়লা থেকে পরিষ্কার করা হয়। হে আল্লাহ্! আমার পাপসমূহকে পানি, বরফ ও শিশিরের মাধ্যমে ধৌত করে দাও। (বুখারী-মুসলিম)

"سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلَا إِلَهَ غَيْرُكَ." (رواه مسلم)

২। উচ্চারণঃ সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবা'রাকাসমুকা ওয়া তায়ালা জাদ্দুকা ওয়া লা-ইলাহা গাইরুকা। (মুসলিম)

অর্থঃ হে আল্লাহ্! সকল দোষ হতে তোমার পবিত্রতা ঘোষণা করছি এবং তোমারই সকল প্রশংসা, তোমার নাম মহিমান্বিত, তোমার মর্যাদা-বড়ত্ব অতি উচ্চে এবং তুমি ব্যতীত সত্যিকার কোন মা'বূদ বা উপাস্য নেই।

وَجَّهْتُ وَجْهِي لِلَّذِي فَطَرَ السَّمَوَاتِ وَالأَرْضَ حَنِيفاً وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ، إِنَّ صَلَاتِي، وَنُسُكِي، وَمَحْيَايَ، وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ، لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ. اللَّهُمَّ أَنْتَ الْمَلِكُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ، أَنْتَ رَبِّي وَأَنَا عَبْدُكَ، ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْبِي فَاغْفِرْ لِي ذُنُوبِي جَمِيعاً إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ. وَاهْدِنِي لِأَحْسَنِ الأَخْلَاقِ لَا يَهْدِي لِأَحْسَنِهَا إِلَّا أَنْتَ، وَاصْرِفْ عَنِّي سَيِّئَهَا، لَا يَصْرِفُ عَنِّي سَيِّئَهَا إِلَّا أَنْتَ لَبَّيْكَ وَسَعْدَيْكَ،

وَالْخَيْرُ كُلُّهُ بِيَدَيْكَ، وَالشَّرُّ لَيْسَ إِلَيْكَ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكْتَ وَتَعَالَيْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ (رواه مسلم)".

৩। **উচ্চারণঃ** ওয়াজ্জাহতু ওয়াজহিয়া লিল্লাজী ফাত্বারাস সামাওয়াতি ওয়াল আরজা হানীফাউঁ ওমা আনা মিনাল মুশরিকীন, ইন্না সালাতী ওয়া নুসুকী ওয়া মাহ্ইয়ায়া ওয়া মামাতী লিল্লাহি রাব্বিল আ'লামীন, লা-শারীকালাহু ওয়াবিজালিকা উমিরতু ওয়া আনা মিনাল মুসলিমীন। আল্লাহুম্মা আনতাল মালিকু লা-ইলাহা ইল্লা আনতা, আনতা রব্বী ওয়া আনা আবদুকা, জলামতু নাফসী ওয়া'তারাফতু বিজানবী ফাগফিরলী জুনূবী জামীয়ান ইন্নাহু লা-ইয়াগফিরুজ্জুনূবা ইল্লা আন্তা, ওয়াহ্দিনী লি আহসানিল আখলাক্বি লাইয়াহদী লিআহসানিহা ইল্লা আন্তা, ওয়াস্‌রিফ আন্নী সাইয়িয়াহা লা-য়াসরিফ আন্নী সাইয়িয়াহা ইল্লা আন্তা, লাব্বাইবা ওয়াসা'আদাইকা, ওয়াল খাইরু কুল্লুহু বিইয়াদাইকা ওয়াশ শাররু লাইসা ইলাইকা, আনা বিকা ওয়া ইলাইকা, তাবারাকতা ওয়া তা'য়ালাইতা, আস্তাগফিরুকা ওয়া আতুবু ইলাইকা। (মুসলিম)

অর্থঃ আমি সেই আল্লাহ্ তায়ালার দিকে একনিষ্ঠভাবে চেহারা ফিরাচ্ছি যিনি আকাশ সমূহ ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই। নিশ্চয় আমার নামায, কুরবানী-হজ্জ,

জীবন ও মরণ বিশ্বজগতের প্রতিপালক আল্লাহ্‌র জন্য নিবেদিত। তাঁর কোন অংশীদার নেই। আর এই জন্যই আমি আদিষ্ট হয়েছি এবং আমি মুসলমানদের অন্তর্ভুক্ত।

হে আল্লাহ্! তুমি সেই বাদশাহ যে তুমি ব্যতীত সত্যিকার কোন মা'বূদ নেই, তুমি আমার প্রতিপালক এবং আমি তোমার বান্দা, নিজের প্রতি যুলুম করেছি এবং আমার গুনাহ্খাতা স্বীকার করছি। অতএব তুমি আমার যাবতীয় গুনাহ্ মা'ফ করে দাও আর নিশ্চিয় তুমি ছাড়া তো গুনাহ মাফের কেউ নেই। আর তুমি আমাকে উত্তম চরিত্রের দিকে পরিচালিত কর তুমি ব্যতীত উত্তম চরিত্রের দিকে কেউ পরিচালিত করতে পারে না। আমার চরিত্রের মন্দ গুনাবলী আমার থেকে দূর কর খারাপ গুনাবলী তুমি ব্যতীত কেউ দূরীভূত করতে পারবে না। আমি তোমার আহ্বানে সাড়া দিয়ে তোমার নিকট উপস্থিত। যাবতীয় কল্যাণ তোমার হাতে নিহিত, অকল্যাণ তোমার দিকে সম্পৃক্ত নয়। আমি তোমার জন্য এবং তোমারই দিকে আমার প্রবণতা। তুমি মহিমান্বিত ও অতি উচ্চ, আমি তোমার নিকট ক্ষমা চাই এবং তোমার নিকট তাওবা করছি। (মুসলিম)

اللّٰهُمَّ رَبَّ جِبْرَائِيلَ، وَمِيكَائِيلَ، وَإِسْرَافِيلَ فَاطِرَ
السَّمَاوَاتِ وَالأَرْضَ، عَالِمَ الغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ

تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ. اِهْدِنِي لِمَا اخْتُلِفَ فِيهِ مِنَ الْحَقِّ بِإِذْنِكَ إِنَّكَ تَهْدِي مَنْ تَشَاءُ إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ . (رواه مسلم)

৪। **উচ্চারণঃ** আল্লাহুম্মা রব্বা জিবরাঈলা ওয়া মীকাঈলা ওয়া ইসরাফীলা ফাত্বিরাস সামাওয়াতি ওয়াল আরজি আলিমাল গাইবি ওয়াশ্ শাহাদাতি আন্তা তাহকুমু বাইনা ইবাদিকা ফীমা কা'নূ ফীহি ইয়াখতালেফূন, ইহ্দিনী লিমা উখতুলিফা ফীহে মিনাল হাক্কে বিইজনিকা, ইন্নাকা তাহদী মানতাশা'উ ইলা সিরাতিম মুসতাক্বীম। (মুসলিম)

অর্থঃ হে আল্লাহ্! জিব্রাঈল, মীকাঈল ও ইস্রাফীলের প্রতিপালক, আকাশ সমূহ ও পৃথিবীর স্রষ্টা, অদৃশ্য এবং দৃশ্য সকল বিষয়ে সর্বজ্ঞ। তোমার বান্দাগণ যে সব বিষয়ে মতভেদ করে তুমি তার মীমাংসা কর, সত্য থেকে দূরে সরে যে সব বিষয়ে মতভেদ করা হয় সেগুলিতে তোমার সহায়তায় আমাকে সঠিক নির্দেশনা দাও। নিশ্চয় তুমি যাকে ইচ্ছা সঠিক পথ প্রদর্শন কর। (মুসলিম)

দ্বিতীয়ঃ রুকুর দোয়া ও জিকর

"سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ." (رواه مسلم)

উচ্চারণঃ "সুবহানা রব্বীয়াল আ'জীম"।

অর্থঃ আমার মহান প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি। (মুসিলম) তিনবার বা তার চেয়ে বেশি বলবে।

"سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ وَبِحَمْدِهِ"

(رواه أحمد وأبو داود والدار قطني والطبراني والبيهقي)

উচ্চারণঃ "সুবহানা রব্বীয়াল আ'জীম ওয়া বিহামদিহি"।

অর্থঃ আমার মহান প্রতিপালকের পবিত্রতা ও প্রশংসা বর্ণনা করছি। (আহমাদ, আবু দাউদ, দারাকুতুনী, ত্ববারানী এবং বায়হাকী)

কেউ যদি বেশি বলতে চায় তো বলবেঃ

"سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي."(متفق عليه)

উচ্চারণঃ "সুবহানাকা আল্লাহুম্মা রব্বানা ওয়াবিহামদিকা আল্লাহুম্মাগ ফিরলী।"

অর্থঃ হে আল্লাহ্! আমাদের প্রতিপালক তোমার সকল প্রশংসা বর্ণনা করছি এবং সকল দোষ হতে পবিত্রতা ঘোষণা করছি, আমাকে তুমি ক্ষমা কর। (বুখারী-মুসলিম)

এবং বলবেঃ

"سُبُّوحٌ قُدُّوسٌ رَبُّ المَلائِكَةِ وَالرُّوحِ." (رواه مسلم)

উচ্চারণঃ "সুব্বূহুন কুদ্দূসুন রব্বুল মালাইকাতি ওয়ার রূহ।"

অর্থঃ ফেরেশ্‌তামন্ডলী ও জিবরাইলের প্রতিপালক সকল দোষত্রুটি থেকে পুত-পবিত্র। (মুসিলম)

"اللَّهُمَّ لَكَ رَكَعْتُ وَبِكَ آمَنْتُ، وَلَكَ أَسْلَمْتُ خَشَعَ لَكَ سَمْعِي، وَبَصَرِي، وَمُخِّي، وَعَظْمِي، وَعَصَبِي،"(رواه مسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মা লাকা রাকা'তু, ওয়া বিকা আ'মান্তু ওয়া লাকা আসলামতু, খাশায়া লাকা সামঈ ওয়াবাসারী ওয়া মুখখী ওয়া আজমী ওয়া আসাবী।

অর্থঃ হে আল্লাহ্! আমি তোমার জন্যই রুকু করি, তোমার প্রতি ঈমান এনেছি এবং তোমার নিকটেই আত্মসমর্পণ করছি, আমার কান, দৃষ্টি, মস্তিষ্ক, হাড় ও মাংশপেশী সকল বস্তু তোমার ভয়ে অবনত হল। (মুসলিম)

"سُبْحَانَ ذِي الْجَبَرُوتِ، وَالْمَلَكُوتِ، وَالْكِبْرِيَاءِ، وَالْعَظَمَةِ" (رواه أبوداود والنسائي)

উচ্চারণঃ সুবহানা জীল জাবারুতে ওয়াল মালাকূত ওয়াল কিবরিয়ায়ে ওয়াল আজামাহ্।

অর্থঃ সকল দোষ হতে পবিত্র যিনি মহাপরাক্রমশালী, বিশাল সাম্রাজ্যের অধিকারী, অসীম গৌরব-গরিমা ও শ্রেষ্ঠত্বের অধিকারী। (আবু দাউদ ও নাসায়ী)

তৃতীয়ঃ রুকু হতে উঠার দোয়া

(সোজা হয়ে দাঁড়ানো অবস্থায়)

رَبَّنَا وَلَكَ الْحَمْدُ

উচ্চারণঃ রব্বানা ওয়ালাকাল হামদু-

رَبَّنَا لَكَ الْحَمْدُ

অথবা : রব্বানা লাকাল হামদ-

اَللّٰهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ

অথবা : আল্লাহুম্মা রব্বানা ওয়ালাকাল হামদু

اَللّٰهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ

অথবা : আল্লাহুম্মা রব্বানা লাকাল হামদ-

উল্লেখিত সবগুলিই বুখারী-মুসলিমে বর্ণিত হয়েছে।

তবে একেকবার একেকটি পড়বে, তবে উত্তম হলো নিম্নরূপে বলাঃ

"رَبَّنَا وَلَكَ الْحَمْدُ حَمْدًا كَثِيْرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ مِلْءَ السَّمَاوَاتِ

وَمِلْءَ الأَرْضِ وَمِلْءَ مَا بَيْنَهُمَا وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ. أَهْلَ

الثَّنَاءِ وَالْمَجْدِ أَحَقُّ مَا قَالَ الْعَبْدُ وَكُلُّنَا لَكَ عَبْدٌ. لاَ مَانِعَ لِمَا أَعْطَيْتَ

وَلاَ مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلاَ يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ." (رواه مسلم)

উচ্চারণঃ রব্বানা ওয়া লাকাল হামদু হামদান কাসীরান

ত্বইয়্যিবান মুবারাকান ফীহ, মিলয়াস সামাওয়াতি ওয়া

মিলয়াল আরজি ওয়া মিলয়া মা বায়নাহুমা ওয়া মিলয়া

মাশী'তা মিন শাইয়িন বা'দু, আহলাস সানায়ি ওয়াল মাজদি-

আহাক্কু মাকুলাল আবদু ওয়া কুল্লুনা লাকা আবদুন, লা

মা'নেয়া লিমা আ'ত্বাইতা ওয়ালা মু'ত্বিয়া লিমা মানা'তা

ওয়ালা য়ানফাউ জাল জাদ্দি মিনকাল জাদ্দু। (মুসলিম)

অর্থঃ হে আল্লাহ্! তোমারই জন্য সর্ববিধ উত্তম ও বরকতপূর্ণ প্রশংসা যা আকাশ সমুহ, পৃথিবী ও উভয়ের মধ্যে যত কিছু রয়েছে সব কিছু পরিপূর্ণ, এগুলি ছাড়াও তুমি যত চাও সমস্ত পরিপূর্ণ প্রশংসা, তুমি সকল স্তুতি ও মর্যাদার অধিকারী। তোমার বান্দা যে প্রশংসা করে তার চেয়ে তুমি অধিক প্রাপ্য, আমরা প্রত্যেকেই তোমার বান্দা, তুমি যা দান কর তা বন্ধ করার কেউ নেই। আর তুমি যা বন্ধ রাখ তা দানকারী কেউ নেই। কোন সম্মানীত ব্যক্তির সম্মান কাজে আসবেনা তোমার নিকট থেকেই প্রকৃত সম্মান। (মুসলিম)

চতুর্থঃ সিজদার দোয়া ও জিকর

"سُبْحَانَ رَبِّي الاعلي"

উচ্চারণঃ সুবহানা রাব্বিয়াল আ'লা। (মুসলিম)

"سُبْحَانَ رَبِّي الاعلي وَبِحَمْدِهِ"

(رواه أحمد وأبو داود والدار قطني والطبراني والبيهقي)

অথবাঃ সুবহানা রব্বিয়াল আ'লা ওয়া বিহামদিহি। (আবু দাউদ, দারা কুতুনী, আহমাদ, ত্বাবারানী ও বাইহাকী)

তিন বা ততোধিকবার বলবে।

অর্থঃ আমার মহান প্রতিপালকের প্রশংসাপূর্ণ পবিত্রতা বর্ণনা করছি।

অথবা চাইলে নিম্নোক্ত দোয়া পড়বেঃ

"سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي."

(رواه البخاري ومسلم)

উচ্চারণঃ "সুবহানাকা আল্লাহুম্মা রব্বানা ওয়াবিহামদিকা আল্লাহুম্মাগ ফিরলী।"

অর্থঃ হে আল্লাহ! তোমার সকল প্রশংসা বর্ণনা করছি এবং সকল দোষ হতে পবিত্রতা ঘোষণা করছি, আমাকে তুমি ক্ষমা কর। (বুখারী-মুসলিম)

"سُبُّوحٌ قُدُّوسٌ رَبُّ المَلَائِكَةِ وَالرُّوحِ." (رواه مسلم)

উচ্চারণঃ "সুব্বূহুন কুদদূসুন রব্বুল মালাইকাতি ওয়ার রূহ।"

অর্থঃ ফেরেশ্‌তামন্ডলী ও জিবরাইলের প্রতিপালক সকল দোষত্রুটি থেকে পুত-পবিত্র। (মুসিলম)

"سُبْحَانَ ذِي الْجَبَرُوتِ، وَالْمَلَكُوتِ، وَالْكِبْرِيَاءِ، وَالْعَظَمَةِ." (رواه أبوداود والنسائي)

উচ্চারণঃ সুবহানা জীল জাবারুতে ওয়াল মালাকূত ওয়াল কিবরিয়ায়ে ওয়াল আজামাহ্‌।

অর্থঃ সকল দোষ হতে পবিত্র যিনি মহাপরাক্রমশালী, বিশাল সাম্রাজ্যের অধিকারী, অসীম গৌরব-গরিমা ও শ্রেষ্ঠত্বের অধিকারী। (আবু দাউদ ও নাসায়ী)

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ، وَبِمُعَافَاتِكَ مِنْ عُقُوبَتِكَ وَأَعُوذُ بِكَ مِنْكَ، لا أُحْصِي ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كَمَا أَثْنَيْتَ عَلَى نَفْسِكَ." (رواه مسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী আউজুবি রিজাকা মিন সাখাতিকা, ওয়াবিমুয়া'ফাতিকা মিন উকূবাতিকা, ওয়া আউজুবিকা মিনকা লা উহসী সানা'য়ান আলাইকা, আন্তা কামা আসনাইতা আলা নাফসিকা।

অর্থঃ হে আল্লাহ্‌! আমি তোমার সন্তুষ্টির মাধ্যমে তোমার অসন্তুষ্টি হতে আশ্রয় চাই এবং তোমার ক্ষমার বিনিময়ে তোমার শাস্তি হতে

আশ্রয় চাই, তোমার মাধ্যমেই তোমার নিকট হতে আশ্রয় চাই, তোমার গুনগান গেয়ে শেষ করতে পারবনা তুমি যেভাবে নিজের স্তুতি বর্ণনা করেছ। (মুসলিম)

"اللَّهُمَّ اغْفِرْ لِي ذَنْبِي كُلَّهُ، دِقَّهُ وَجِلَّهُ، وَأَوَّلَهُ وَآخِرَهُ وَعَلاَنِيَتَهُ وَسِرَّهُ." (رواه مسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মাগফিরলী জাম্বী কুল্লাহু দিক্কাহু ওয়া জিল্লাহু ওয়া আউয়ালাহু ওয়া আখেরাহু ওয়া আলানিয়াতাহু ওয়া সির্‌রাহু।

অর্থঃ হে আল্লাহ্! ছোট ও বড় গুনাহ পূর্বের ও পরের গুনাহ এবং প্রকাশ্য ও গোপনীয় সকল গুনাহ্ খাতা মাফ করে দাও। (মুসলিম)

"اللَّهُمَّ لَكَ سَجَدْتُ وَبِكَ آمَنْتُ، وَلَكَ أَسْلَمْتُ سَجَدَ وَجْهِي لِلَّذِي خَلَقَهُ وَصَوَّرَهُ وَشَقَّ سَمْعَهُ وَبَصَرَهُ تَبَارَكَ اللَّهُ أَحْسَنُ الْخَالِقِينَ." (رواه مسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মালাকা সাজাদতু ওয়া বিকা আমানতু ওয়ালাকা আসলামুত, সাজাদা ওয়াজহিয়া লিল্লাজী খালাকাহু

ওয়া সাওয়ারাহু ওয়া শাক্কা সাময়াহু ওয়া বাসারাহু তাবারাকাল্লাহু আহসানুল খালিক্বীন।

অর্থঃ হে আল্লাহ্ আমি তোমাকেই সিজদা করি, তোমার প্রতি ঈমান এনেছি, তোমার নিকটই আত্মসমর্পণ করছি, আমার মুখমন্ডল তাঁর জন্য সিজদায় অবনমিত যিনি উহা সৃষ্টি করেছেন, প্রতিরূপ দিয়েছেন এবং তার কর্ণ ও চক্ষু আলাদা করে সজ্জিত করেছেন, তিনি মহিমান্বিত আল্লাহ, সর্বোত্তম স্রষ্টা। (মুসলিম)

পঞ্চমঃ দুই সিজদার মাঝে বসার দোয়া

"رَبِّ اغْفِرْ لِي، رَبِّ اغْفِرْ لِي."

উচ্চারণঃ রব্বিগফিরলী, রব্বিগফিরলী।

অর্থঃ হে আল্লাহ্! তুমি আমাকে ক্ষমা কর, হে আল্লাহ্ তুমি আমাকে ক্ষমা কর। (আবু দাউদ-ইবনে মাজাহ)

"اللَّهُمَّ اغْفِرْ لِي، وَارْحَمْنِي، وَعَافِنِي وَاهْدِنِي، وَارْزُقْنِي." (رواه أبوداود والترمذي)

উচ্চারণঃ আল্লাহুম্মাগ্‌ফিরলী ওয়ার হামনী ওয়া আ'ফিনী ওয়াহ্‌দিনী ওয়ার যুকনী।

অর্থঃ হে আল্লাহ্! তুমি আমাকে ক্ষমা কর, আমার প্রতি রহম কর, আমাকে সুস্থতা দান কর, সঠিক পথে পরিচালিত কর এবং রিযিক দান কর। (আবূ দাউদ, তিরমিযী)

একটি বর্ণনায় বেশি রয়েছেঃ

ওয়াজবুরনী-وَاجْبُرْنِي

অর্থঃ আমার ক্ষয়ক্ষতিপূরণ কর।

অন্য বর্ণনায় রয়েছেঃ ওয়ারফা'নী-وَارْفَعْنِي

অর্থঃ আমার মর্যাদা বৃদ্ধি কর। (ইবনে মাজাহ)

ষষ্ঠঃ তাশাহ্‌হুদ (আত্তাহিয়্যাতু)

التَّحِيَاتُ لِلّٰهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ، وَالسَّلَامُ عَلَيْكَ اَيُّهَاالنَّبِيُّ وَرَحْمَةُ اللّٰهِ وَبَرَكَاتُهُ، السَّلَامُ عَلَيْنَا وَعَلٰى عِبَادِاللّٰهِ الصَّالِحِيْنَ. اَشْهَدُ اَنْ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ."

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ."(رواه البخاري ومسلم)

উচ্চারণঃ আত্তাহিয়্যাতু লিল্লাহি ওয়াস সালাওয়াতু ওয়াত্ব ত্বাইয়্যিবাতু আস্‌সালামু আলাইকা আইয়্যুহান্নাবিইয়্যু ওয়া রহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু, আস্‌সালামু আলাইনা ওয়া আলা ইবাদিল্লাহিস্‌ সালেহীন। আশহাদু আল্‌-লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়া আশ্‌হাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু।

আল্লাহুম্মা সল্লে আ'লা মুহাম্মাদিউঁ ওয়াআলা আ'লি মুহাম্মাদিন কামা সল্লাইতা আ'লা ইব্‌রাহীমা ওয়া আ'লা আলি ইব্‌রাহীমা ইন্নাকা হামীদুম মাজীদ।

আল্লাহুম্মা বারিক আ'লা মুহাম্মাদিউঁ ওয়া আ'লা আলি মুহাম্মাদ কামা বারাকতা আ'লা ইব্‌রাহীমা ওয়া আ'লা আলি ইব্‌রাহীমা ইন্নাকা হামীদুম্মাজীদ। (বুখারী-মুসলিম, এছাড়া অন্য বর্ণনায় কাছা'কাছি এভাবেই বর্ণিত হয়েছে।)

অর্থঃ সকল ইবাদত উপাসনা মৌখিক, শারীরিক ও আর্থিক আল্লাহ্ তায়ালার জন্য। হে নাবী! আপনার প্রতি শান্তি, রহমত ও বরকত অবতীর্ণ হোক, আমাদের ও নেক বান্দাদের উপর শান্তি অবতীর্ণ হোক, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ব্যতীত কোন প্রকৃত মা'বূদ বা উপাস্য নেই। তিনি একক তাঁর কোন শরীক বা অংশীদার নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে "মুহাম্মাদ" সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও রাসূল।

হে আল্লাহ! তুমি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর বংশধরের প্রতি রহমত অবতীর্ণ কর, যেমনভাবে রহমত অবতীর্ণ করেছিলে ইব্রাহীম আলাইহিস্ সালাম ও তাঁর বংশধরের প্রতি। নিশ্চয় তুমি প্রশংসনীয় ও সম্মানীত। হে আল্লাহ্! তুমি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ও তাঁর বংশধরের প্রতি প্রাচুর্য দান কর যেমনভাবে প্রাচুর্যবান করেছিলে ইব্রাহীম আলাইহিস্ সালাম ও তাঁর বংশধরকে। নিশ্চয় তুমি প্রশংসনীয় ও মর্যাদাবান।

সপ্তমঃ আত্তাহিয়্যাতু-দরূদ পর সালামের পূর্ব মুহূর্তের দোয়া

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ، وَمِنْ عَذَابِ الْقَبْرِ، وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ، وَمِنْ شَرِّ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ." (رواه البخاري ومسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী আউজুবিকা মিন আজাবি জাহান্নাম ওয়ামিন আজাবিল ক্বাবরি ওয়ামিন ফিতনাতিল মাহয়া-ওয়াল মামাত ওয়ামিন শাররি ফিতনাতিল মাসীহিদ্ দাজ্জাল। (বুখারী-মুসলিম)

অর্থঃ হে আল্লাহ! আমি জাহান্নাম ও কবরের আযাব হতে তোমার নিকট আশ্রয় কামনা করছি এবং আশ্রয় কামনা করছি জীবিত অবস্থার ও মৃত্যুর ফিতনা হতে এবং মাসীহ দাজ্জালের খারাপীর ফিতনা থেকে।

অন্য বর্ণনায় বেশি রয়েছেঃ

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْمَأْثَمِ وَالْمَغْرَمِ. (رواه البخاري ومسلم)

উচ্চারণঃ "আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিনাল মা'সামে ওয়াল মাগরামি"

অর্থঃ

হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় কামনা করছি পাপকর্ম ও ঋণ থেকে।

اللَّهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْماً كَثِيراً وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ." (رواه البخاري ومسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী জালামতু নাফসী জুলমান কাসীরান, ওয়ালা ইয়াগফিরুজ্জুনূবা ইল্লা আন্তা, ফাগফিরলী মাগফিরাতাম মিন ই'নদিকা, ওয়ার হামনী ইন্নাকা আন্তাল গাফুরুর রাহীম।

অর্থঃ হে আল্লাহ্! আমি নিজের উপর অনেক যুলুম করেছি, আর তুমি ব্যতীত গুনাহ খাতা কেউ ক্ষমাকারী নেই। অতএব তুমি নিজ গুনে আমাকে ক্ষমা করে দাও এবং আমার প্রতি রহম কর কেননা তুমি অতিশয় ক্ষমাশীল ও দয়ালু।

اللَّهُمَّ اغْفِرْ لِي مَا قَدَّمْتُ، وَمَا أَخَّرْتُ، وَمَا أَسْرَرْتُ، وَمَا أَعْلَنْتُ، وَمَا أَسْرَفْتُ، وَمَا أَنْتَ أَعْلَمُ بِهِ مِنِّي. أَنْتَ الْمُقَدِّمُ، وَأَنْتَ الْمُؤَخِّرُ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ." (رواه مسلم)

উচ্চারণঃ আল্লাহুম্মাগ ফিরলি মা ক্বাদ্দামতু ওয়ামা আখ্খারতু ওয়ামা আসরারতু ওয়ামা আ'লানতু ওয়ামা আসরাফতু ওয়ামা আন্তাআ'লামু বিহি মিন্নী। আন্তাল মুকাদ্দিমু ওয়া আন্তাল মু'য়াখ্খিরু লা-ইলাহা ইল্লা আন্তা। (মুসলিম)

অর্থঃ হে আল্লাহ! তুমি আমার সকল গুনাহখাতা ক্ষমা করে দাও যা পূর্বে ও পরে, গোপনে ও প্রকাশ্যে করেছি, যা সীমা লঙ্ঘনজনিত গুনাহ এবং যে সম্পর্কে তুমি আমার চেয়ে অধিক জ্ঞাত। তুমি যা চাও অগ্রগামী কর ও যা চাও পশ্চাতে নিয়ে যাও আর তুমি ব্যতীত প্রকৃত মা'বূদ বা উপাস্য নেই।

اللّٰهُمَّ إِنِّي أَعُوْذُ بِكَ مِنَ الْبُخْلِ، وَأَعُوْذُ بِكَ مِنَ الْجُبْنِ، وأَعُوْذُ بِكَ أَنْ أُرَدَّ إِلَى أَرْذَلِ الْعُمُرِ، وَأَعُوْذُ بِكَ مِنْ فِتْنَةِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْرِ." (رواه البخاري)

উচ্চারণঃ আল্লাহুম্মা আউজুবিকা মিনাল বুখলি, ওয়া আউজুবিকা মিনাল জুবনি, ওয়া আউজুবিকা আন উরাদ্দা ইলা আরজালিল উমরে, ওয়া ফিতনাতিদ দুনয়া ওয়া আউজুবিকা মিন আজাবিল ক্বাবরি। (বুখারী)

অর্থঃ হে আল্লাহ্! আমি আপনার নিকটে আশ্রয় চাই কৃপণতা, কাপুরুষতা ও আশ্রয় চাই চরম বার্ধ্যক্যে উপনীত হয়ে যাওয়ার এবং আপনার নিকট আশ্রয় চাই পৃথিবীর ফিতনা থেকে ও কবরের আযাব হতে।

اللَّهُمَّ اعِنِّي عَلَى ذِكْرِكَ، وَشُكْرِكَ، وَحُسْنِ عِبَادَتِكَ." (رواه أبوداود والنسائي)

উচ্চারণঃ আল্লাহুম্মা আয়িন্নী আ'লা জিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি ইবাদাতিকা। (আবু দাউদ-নাসায়ী)

অর্থঃ হে আল্লাহ! আমাকে তোমার জিকর ও শুকরিয়া জ্ঞাপন এবং উত্তমরূপে ইবাদত করার তাওফীক দাও।

اللَّهُمَّ إنِّي أسألُكَ الجَنَّةَ وأعُوذُ بِكَ مِنَ النَّارِ." (رواه ابن ماجه وأبوداود)

উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী আসআলুকাল জান্নাতা ওয়া আউজুবিকা মিনান্নার। (ইবনে মাজা-আবু দাউদ)

অর্থঃ হে আল্লাহ্! আমি তোমার নিকটে জান্নাত প্রার্থনা করছি এবং জাহান্নাম থেকে আশ্রয় চাই।

অষ্টমঃ সালামের পর বর্ণিত জিকর

أستَغْفِرُ اللّهَ،أستَغْفِرُ اللّهَ،أستَغْفِرُ اللّهَ، اللّهُمَّ أنتَ السَّلامُ ومِنْكَ السَّلامُ تَبَارَكْتَ يَا ذَا الجلال وَالإكْرَامِ." (رواه مسلم)

উচ্চারণঃ আস্তাগফিরুল্লাহ। (তিনবার)
আল্লাহুম্মা আন্তাস সালাম ওয়ামিনকাস সালাম, তাবারাকতা ইয়া জাল জালালি ওয়াল ইকরাম। (মুসলিম)
অর্থঃ আমি আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা করছি। (তিনবার) হে আল্লাহ্‌! তুমি শান্তিময়, আর তুমিই শান্তির উৎস। হে মহামহিম ও সম্মানের অধিকারী মহিমান্বিত তুমি।

لا إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ "
" الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ.
(رواه البخاري ومسلم)

উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকালাহু, লাহুল মুলক ওয়ালাহুল হামদু ওয়াহুয়া আলাকুল্লি শাইয়্যিন কাদীর। {তিনবার} (বুখারী-মুসলিম)
অর্থঃ আল্লাহ ব্যতীত কোন সত্যিকার ইলাহ বা উপাস্য নেই। তিনি এক তাঁর কোন অংশীদার নেই, তাঁর জন্যই সকল প্রশংসা ও রাজত্ব আর তিনি সকল বিষয়ে সর্বশক্তিমান।

"لا إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، اللَّهُمَّ لا مَانِعَ لِمَا أَعْطَيْتَ، وَلا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ." (رواه البخاري ومسلم)

উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা-শারীকালাহু লাহুল মুলকু ওলাহুল হামদু ওয়াহুয়া আ'লা কুল্লিশাইয়্যিন ক্বদীর। আল্লাহুম্মা লা মানিয়া লিমা আ'ত্বইতা ওয়ালা মু'ত্বিয়া লিমা মানা'তা ওয়ালা ইয়ানফাউ জাল জাদ্দি মিনকাল জাদ্দু। (বুখারী-মুসলিম)

অর্থঃ আল্লাহ ব্যতীত কোন সত্যিকার ইলাহ বা উপাস্য নেই। তিনি এক তাঁর কোন অংশীদার নেই, তাঁর জন্যই সকল প্রশংসা ও রাজত্ব আর তিনি সকল বিষয়ে সর্বশক্তিমান।

হে আল্লাহ্! তুমি যা দান কর তা বন্ধ করার কেউ নেই আর তুমি যা বন্ধ রাখ তা দানকারী কেউ নেই। কোন সম্মানীত ব্যক্তির সম্মান কাজে আসবেনা, তোমার নিকটেই প্রকৃত সম্মান।

"لا إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ، وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ. لا حَوْلَ وَلا قُوَّةَ إِلاَّ بِاللَّهِ، لاإِلَهَ إِلاَّ اللَّهُ، وَلا نَعْبُدُ إِلاَّ إِيَّاهُ، لَهُ النِّعْمَةُ وَلَهُ الْفَضْلُ وَلَهُ الثَّنَاءُ الْحَسَنُ، لا إِلَهَ إِلاَّ اللَّهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ." (رواه مسلم)

উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহ ওয়াহ্দাহু লা শারীকালাহু, লাহুল মুলক ওয়ালাহুল হামদু ওয়াহুয়া আলাকুল্লি শাইয়্যিন কাদীর। লা হাওলা ওয়ালা কুওঁয়াতা ইল্লা বিল্লাহি, লা ইলাহা ইল্লাল্লাহু, ওয়ালা না'বুদু ইল্লা ইয়্যাহু, লাহুন নি'মাতু ওয়ালাহুল ফাজলু ওয়ালাহুস সানাউল হাসানু, লা ইলাহা ইল্লাল্লাহু মুখলিসীনা লাহুদদ্বীনা ওয়ালাউ কারিহাল কাফিরুন। (মুসলিম)

অর্থঃ আল্লাহ ব্যতীত কোন সত্যিকার ইলাহ বা উপাস্য নেই। তিনি এক তাঁর কোন অংশীদার নেই, তাঁর জন্যই সকল প্রশংসা ও রাজত্ব আর তিনি সকল বিষয়ে সর্বশক্তিমান।

আল্লাহ তায়ালার সাহায্য ব্যতীত স্বীয় অবস্থা থেকে পরিবর্তনের ক্ষমতা কারো নেই। আল্লাহ্ ব্যতীত সত্যিকার মা'বূদ নেই, আমরা একমাত্র তাঁরই ইবাদত করি, তাঁর পক্ষ থেকে যাবতীয় নেয়ামত ও অনুগ্রহ তাই তাঁর জন্যই সকল উত্তম প্রশংসা। আল্লাহ্ ব্যতীত কোন সত্যিকার মা'বূদ নেই, তাঁর দ্বীন আমরা একনিষ্ঠভাবে মান্য করি যদিও কাফেরগণ তা অপছন্দ করে।

"سُبْحَانَ اللهِ"

"সুবহানাল্লাহ" ৩৩ বার

অর্থঃ আমি আল্লাহ্র যাবতীয় দোষ হতে পবিত্রতা ঘোষণা করছি

اَلْحَمْدُ لِلّٰهِ

"আলহামদু লিল্লাহ" ৩৩ বার

অর্থঃ সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য

اللهُ أكبَرُ

"আল্লাহু আকবার" ৩৩ বার

অর্থঃ আল্লাহ্‌ সবার বড়। অতপর বলবেঃ

"لا إلهَ إلاّ اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ المُلْكُ وَلَهُ الحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ." (رواه البخاري ومسلم)

উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকালাহু, লাহুল মুলক ওয়ালাহুল হামদু ওয়াহুয়া আলাকুল্লি শাইয়্যিন কাদীর। (তিনবার) (বুখারী-মুসলিম)

অর্থঃ আল্লাহ ব্যতীত কোন সত্যিকার ইলাহ বা উপাস্য নেই। তিনি এক তাঁর কোন অংশীদার নেই, তাঁর জন্যই সকল প্রশংসা ও রাজত্ব আর তিনি সকল বিষয়ে সর্বশক্তিমান।

অথবাঃ সুবহানাল্লাহ ৩৩ বার আলহামদুলিল্লাহ ৩৩ বার ও আল্লাহু আকবার ৩৪ বার। (মুসলিম)

অথবাঃ সুবহানাল্লাহ ১০ বার, আলহামদুলিল্লাহ ১০ বার ও আল্লাহু আকবার ১০ বার। (তিরমিযী, নাসায়ী ও ইবনে মাজাহ)

আয়াতুল কুরসী

اللهُ لاَ إِلَهَ إِلاَّ هُوَ الْحَيُّ الْقَيُّومُ لاَ تَأْخُذُهُ سِنَةٌ
وَلاَ نَوْمٌ لَهُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الأَرْضِ
مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلاَّ بِإِذْنِهِ يَعْلَمُ مَا بَيْنَ
أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلاَ يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ
عِلْمِهِ إِلاَّ بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَوَاتِ
وَالأَرْضَ وَلاَ يَؤُدُهُ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ

উচ্চারণঃ আল্লাহু লা-ইলাহা ইল্লাহুয়াল হাইয়্যুল কাইয়্যুম, লা তা'খুজুহু সিনাতুঁউ ওয়ালা নাউম- লাহু মাফিস সামাওয়াতে ওয়ামা ফিল আরজ্বি মানজাল লাজী ইয়াশ্‌ফাউ ইনদাহু ইল্লা বিইজনিহি ইয়া'লামু মা বাইনা আইদীহিম ওয়ামা খালফাহুম, ওয়ালা ইউহিতূনা বিশাইয়্যিম মিন ইলমিহী ইল্লা বিমা-শা'য়া ওয়াসিয়া কুরসীইউহুস সামাওয়াতি ওয়াল আরজা, ওয়ালা ইয়াউদুহু হিফজুহুমা ওয়াহুয়াল আলিইউল আজীম। (সূরাতুল বাকারা-২৫৫ আয়াত)

অর্থঃ আল্লাহ, তিনি ব্যতীত কোন সত্যিকার মা'বূদ নেই। তিনি চিরঞ্জীব, সর্ব সত্তার ধারক। তাঁকে তন্দ্রা বা নিদ্রা স্পর্শ করেনা। আকাশ ও পৃথিবীতে যা কিছু আছে সমস্ত তাঁর। কে সে, যে তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করবে? তাদের সম্মুখে ও

পশ্চাতে যা কিছু আছে তা তিনি অবগত। যা তিনি ইচ্ছা করেন তা ব্যতীত তাঁর জ্ঞানের কিছুই তারা আয়ত্ত করতে পারেনা। তাঁর "কুরসী" আকাশসমূহ ও পৃথিবীময় পরিব্যাপ্ত। এদের রক্ষণাবেক্ষণ তাঁকে ক্লান্ত করেনা আর তিনি মহা শ্রেষ্ঠ।

ফরজ নামাযের পর উক্ত আয়াতুল কুরসী পড়বে কেননা হাদীসে বর্ণিত হয়েছেঃ "যে ব্যক্তি প্রত্যেক ফরজ নামাযের শেষে আয়াতুল কুরসী পড়বে তার জন্য মৃত্যু ব্যতীত জান্নাতে যাওয়ার আর কোন বাঁধা নেই। (নাসায়ী)

"কুল হুওয়াল্লাহু আহাদ", "কুল আউযু বিরাব্বিল ফালাক", ও "কুল আউযু বিরাব্বিন্ নাস" প্রত্যেক নামাযের শেষে পড়বে।

(আবু দাউদ, নাসায়ী ও তিরমিযী)

সূরা ইখলাছ

قُلْ هُوَ اللهُ أَحَدٌ ، اللهُ الصَّمَدُ، لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ، وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ .

উচ্চারণঃ কুলহু-আল্লাহু আহাদ, আল্লাহুছ ছামাদ, লাম ইয়ালিদ ওলাম ইউলাদ, ওলাম ইয়া কুল্লাহু কুফুওয়ান আহাদ।

অর্থঃ "তুমি বল, আল্লাহ্ এক, আল্লাহ্ এমন এক সত্ত্বা, যার নিকট সব কিছুই মুখাপেক্ষী, তিনি জন্ম দেন নাই এবং জন্ম নেন নাই। আর তাঁর সমকক্ষও কেউ নাই।

সূরা ফালাক

قُلْ أَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ، مِنْ شَرِّ مَا خَلَقَ، وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ، وَمِنْ شَرِّ النَّفَّاثَاتِ فِيْ الْعُقَدِ ، وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ .

উচ্চারণঃ কুল আ'উযুবিরব্বিল ফালাক্ব, মিন শার্‌রিমা খালাক্ব, ওয়ামিন শার্‌রি গাসিক্বিন ইযা ওয়াক্বাব, ওয়া মিন শার্‌রিন নাফ্‌ফাসাতি ফিল উক্বাদ, ওয়া মিন শার্‌রি হাসিদিন ইযা হাসাদ।

অর্থঃ "বল, আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের পালনকর্তার, তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে। অন্ধকার রাতের অনিষ্ট থেকে যখন তা সমাগত হয়। গ্রন্থিতে ফুঁৎকার দিয়ে যাদুকারিনীদের অনিষ্ট থেকে এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।"

সূরা নাস

قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ، مَلِكِ النَّاسِ، إِلٰهِ النَّاسِ، مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ، الَّذِي يُوَسْوِسُ فِي صُدُوْرِ النَّاسِ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ .

উচ্চারণ : কুল আ'উযুবিরব্বিন নাস, মালিকিন নাস, ইলাহিন নাস, মিন শাররিল ওয়াস্ ওয়াসিল খান্নাস, আল্লাযি ইউওয়াসবিছু ফী সুদূরিন নাস, মিনাল জিন্নাতি ওয়ান্নাস।

অর্থ: "বল, আমি আশ্রয় গ্রহণ করছি মানুষের পালনকর্তার, মানুষের অধিপতির, মানুষের মা'বূদের, তার অনিষ্ট থেকে যে কুমন্ত্রণা দেয় ও আত্মগোপন করে, যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে জ্বিনদের মধ্য থেকে এবং মানুষের মধ্য থেকে।"

"اَللّٰهُمَّ إِنِّي أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا، وَرِزْقًا طَيِّبًا، وَعَمَلاً مُتَقَبَّلاً" (رواه ابن ماجه)

উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী আসয়ালুকা ইলমান নাফিয়ান ওয়া রিযকান ত্বইয়্যিবান ওয়া আমালান মুতাকাব্বালান। (ইবনে মাজাহ)

অর্থঃ হে আল্লাহ্! আমি তোমার নিকটে উপকারী বিদ্যা পবিত্র রিযিক এবং গ্রহণযোগ্য আমল কামনা করি।

رَبِّ قِنِي عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ. (رواه مسلم)

উচ্চারণঃ রব্বি ক্বিনী আযাবাকা ইয়াওমা তুবয়াসু ইবাদুকা। (মুসলিম)

অর্থঃ হে আল্লাহ! আমাকে তুমি তোমার আযাব হতে বাঁচাও যেদিন তোমার বান্দারা উত্থিত হবে।

ফজর ও মাগরিবের নামাযের পর হলে বলবেঃ

"لا إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ"

(رواه البخاري ومسلم)

উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লা শারীকালাহু, লাহুল মুলক ওয়ালাহুল হামদু ওয়াহুয়া আলাকুল্লি শাইয়্যিন কাদীর। (১০ বার)

অর্থঃ আল্লাহ্ ব্যতীত কোন সত্যিকার ইলাহ বা উপাস্য নেই। তিনি এক তাঁর কোন অংশীদার নেই, তাঁর জন্যই সকল প্রশংসা ও রাজত্ব আর তিনি সকল বিষয়ে সর্বশক্তিমান। (তিরমিযী, আহমাদ ও নাসায়ী)

সমাপ্ত

যে সব বিষয় নামাযকে বাতিল করে দেয়।

১। ইচ্ছাকৃত কথা বলা।

২। সম্পূর্ণ শরীর কিবলার দিক থেকে সরে যাওয়া।

৩। পেশাব- পায়খানার রাস্তা দিয়ে কিছু বের হওয়া।

৪। বিনা প্রয়োজনে অধিক নড়াচড়া করা।

৫। অট্টহাসী দেয়া।

৬। ইচ্ছাকৃত রুকু সিজদা বেশী করা।

৭। ইচ্ছা করে ইমামের আগে যাওয়া।

ح مكتب توعية الجاليات بغرب الديرة، ١٤٢٣هـ

فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر

مكتب توعية الجاليات بغرب الديرة

أذكار الصلاة وأدعيتها / ترجمة محمد عبدالرب عفان. - الرياض.

٣٦ ص × ٨ × ١٢ سم.

ردمك: ٣-٢-٩٣٩٧-٩٩٦٠

(النص باللغة البنغالية)

١- الأدعية والأوراد

أ- عفان، محمد عبدالرب (مترجم) ب- العنوان

ديوي ٢١٣،٩ ٢٣ / ٤١٧٩

رقم الإيداع: ٢٣ / ٤١٧٩

ردمك: ٣-٢-٩٣٩٧-٩٩٦٠

أذكار الصلاة وأدعيتها

ترجمة

محمد عبد الرب عفان

بنغالي

أذكار
الصلاة وأدعيتها

ترجمة

محمد عبد الرب عفان